যায়যায়দিন

তারিখ 25 JAN 2009
পৃষ্ঠা ...৫... কলাম ...৪...

# বেসরকারি বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ২০০৮ বাতিলের দাবি

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী ব্যারিস্টার শফিক আহমেদের সঙ্গে অ্যাসোসিয়েশন অফ প্রাইভেট ইউনিভার্সিটিজ অফ বাংলাদেশের, ভাইস চেয়ারম্যান আবুল কাসেম হায়দারের নেতৃত্বে অ্যাসোসিয়েশনের সদস্যরা সম্প্রতি এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন। সাক্ষাৎকার অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ড. আলীমুল্লাহ মিয়া, প্রফেসর ড. আবদুল মান্নান চৌধুরী, সবুর খান, আহসানুল ইসলাম টিটু, কে বি এম মইন উদ্দিন চিশতী, আনহার এ চৌধুরী, প্রফেসর মো. আবদুল্লাহ, ড. আবুল হাসান এম সাদেক ও অ্যাসোসিয়েশনের সেক্রেটারি জেনারেল এ কে কোরেশী।

এ সময় প্রতিনিধি দল তত্ত্বাবধায়ক সরকার অনুমোদিত বেসরকারি বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ২০০৮-কে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর চিন্তা-চেতনা ও অগ্রগতির পরিপন্থী বলে আখ্যায়িত করেন। প্রতিনিধি দল উল্লেখ করে, এ অধ্যাদেশ প্রণয়নের আগে সরকার বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতাদের সঙ্গে আলোচনা বা মতবিনিময় করেনি। ফলে অধ্যাদেশে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উন্নতিকল্পে প্রয়োজনীয় দৃষ্টিভঙ্গির প্রতিফলন ঘটেনি। তারা বেসরকারি বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ২০০৮ বাতিলপূর্বক আগের প্রচলিত অধ্যাদেশ ১৯৯২ (সংশোধিত ১৯৯৮) বহাল রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে মন্ত্রীকে অনুরোধ জানান। বিজ্ঞপ্তি